

ত্ব-হা | Ta-Ha | طه

আয়াতঃ ২০ : ৩

আরবি মূল আয়াত:

إِلَّا تَذِكْرَةً لِّمَن يَخْشَى ﴿٣﴾

অনুবাদসমূহ:

বরং যে ভয় করে তার জন্য উপদেশ স্বরূপ। — আল-বায়ান

বরং তা (নাযিল করেছি) কেবল সতর্কবাণী হিসেবে যে (আল্লাহকে) ভয় করে তার জন্য। — তাইসিরুল

বরং যারা ভয় করে তাদের উপদেশার্থে – — মুজিবুর রহমান

But only as a reminder for those who fear [Allah] - — Sahih International

৩. বরং যে ভয় করে তার জন্য উপদেশ হিসেবে,(১)

(১) মুআবিয়া রাদিয়াল্লাহু 'আনহু বর্ণিত হাদীসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ 'আল্লাহ্ যার কল্যাণ ইচ্ছা করেন, তাকে দ্বীনের বিশেষ জ্ঞান ও বুৎপত্তি দান করেন।" [বুখারীঃ ৭১, মুসলিমঃ ১০৩৭] কিন্তু এখানে সেসব জ্ঞানীকেই বোঝানো হয়েছে, যাদের মধ্যে কুরআন বর্ণিত ইলমের লক্ষণ অর্থাৎ আল্লাহর ভয় বিদ্যমান আছে। সুতরাং কুরআন নাযিল করে তাকে কষ্টে নিপতিত করা হয়নি। বরং তার জন্য অনেক কল্যাণ চাওয়া হয়েছে। আল্লাহর কিতাব নাযিল হওয়া, তার রাসূলদেরকে প্রেরণ করা তাঁর বান্দাদের জন্য রহমত। এর মাধ্যমে তিনি যারা আল্লাহকে স্মরণ করতে চায় তাদেরকে স্মরণ করার সুযোগ দেন, কিছু লোক এ কিতাব শুনে উপকৃত হয়। এটা এমন এক স্মরনিকা যাতে তিনি তার হালাল ও হারাম নাযিল করেছেন। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৩) বরং এমন ব্যক্তিকে উপদেশ দেওয়ার জন্য যে (আল্লাহকে) ভয় করে।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2351>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন